

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৯৬৮

১/ বিবিধ

আরবী

من السنة في الصلاة المكتوبة إذا نهض الرجل في الركعتين الأوليين أن لا يعتمد على الأرض إلا أن يكون شيخا كبيرا لا يستطيع ضعيف

أخرجه البيهقي في " سننه " (2 / 136) والضياء في " المختارة " (1 / 260) عن عبد الرحمن بن إسحاق عن زياد بن زياد السوائي عن أبي جحيفة عن علي رضي الله عنه قال: فذكره. قلت: وهذا سند ضعيف، علته عبد الرحمن هذا، قال الذهبي: " ضعفه ". وقال الحافظ في " التقريب ": " ضعيف

قلت: وهو راوي حديث علي في وضع اليدين في الصلاة تحت السرة، رواه بهذا السند الواهي، فإن زياد بن زياد هذا مجهول كما قال الحافظ تبعا لابن أبي حاتم. (تنبيه): هذا الحديث. وإن كان في " المختارة " فهو مضروب عليه مع حديث وضع اليدين المشار إليه بخط أفقي، مما يشعر بأن المصنف عدل عنه، وهو اللائق به، فإن إيراد مثل هذا الحديث بهذا الإسناد مما لا يتفق في شيء مع " الأحاديث المختارة

বাংলা

৯৬৮। ফরয সালাতের মধ্যে সুন্নাত হচ্ছে এই যে, যখন কোন ব্যক্তি তার প্রথম দু রাকাতাত হতে দাঁড়াবে, তখন সে যদি বৃদ্ধ হওয়ার কারণে সক্ষম না হয় একমাত্র তাহলেই যমীনের উপর ঠেস দিয়ে দাঁড়াবে।

হাদীছটি দুর্বল।

এটি বাইহাকী তার "সুনান" (২/১৩৬) গ্রন্থে এবং যিয়া "আল-মুখতারাহ" (১/২৬০) গ্রন্থে আব্দুর রহমান ইবনু ইসহাক হতে তিনি যিয়াদ ইবনু যিয়াদ আস-সাওয়াঈ হতে তিনি আবু জুহায়ফাহ হতে তিনি আলী (রাঃ) হতে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি দুর্বল। তার সমস্যা হচ্ছে এই আব্দুর রহমান। যাহাবী তার সম্পর্কে বলেনঃ মুহাদ্দিছগণ তাকে দুর্বল আখ্যা দিয়েছেন।

হাফিয ইবনু হাজার "আত-তাকরীব" গ্রন্থে বলেনঃ তিনি দুর্বল।

তিনিই সালাতে নাভির নীচে দু' হাত রাখার আলী (রাঃ) হতে বর্ণিত হাদীছের বর্ণনাকারী। সেটি তিনিই এ দুর্বল সনদে বর্ণনা করেছেন। কারণ এই যিয়াদ ইবনু যিয়াদ মাজহুল। যেমনটি হাফিয ইবনু হাজার আবু হাতিমের অনুকরণ করে বলেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71847>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন